

## ঢাকা পলিটেকনিকে স্যামসাংয়ের কারিগরি প্রশিক্ষণ

ঢেক প্রতিদিন ডেস্ক >

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে বিনামূল্যে কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছে স্যামসাং ইলেকট্রনিকস বাংলাদেশ। স্যামসাং ট্রেনিং স্কুল এবং স্যামসাং এরাইজ (স্যামসাং অ্যাডভান্স রিপেয়ার অ্যান্ড ইন্সট্রিয়াল ক্লিনস এনহান্সমেন্ট) প্রকল্পের আওতায় শিক্ষাপ্রতিষ্ঠানটির ৭৫ শিক্ষার্থীকে অডিও ভিজুয়াল (টেলিভিশন, হোম থিয়েটার), হোম অ্যাপ্লায়েন্স (রেফ্রিজারেটর, মাইক্রোওয়েভ ওভেন ও ওয়াশিং মেশিন) এবং মোবাইল ডিভাইসবিষয়ক ছয় মাস প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণের পাশাপাশি যন্ত্রপাতি ও ইনস্টিটিউটের গবেষণাগারের উন্নয়নেও সহায়তা দিচ্ছে স্যামসাং। শনিবার কার্যক্রমের উদ্বোধন করেন শিক্ষাপতিব নজরুল ইসলাম খান। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশে কোরিয়ার রাষ্ট্রদূত লি ইউন-ইয়াং, স্যামসাং ইলেকট্রনিকস বাংলাদেশের কাঙ্ক্ষি ম্যানেজার সি এস মুন এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহজাহান মিঞা।



অনুষ্ঠানে অতিথিরা

## ৪ মিনিটে ২০ হাজার নকিয়া ট্যাবলেট বিক্রি

বাজারে ছাড়ার মাত্র চার মিনিটে ২০ হাজার 'নকিয়া এন১' ট্যাবলেট বিক্রি হয়েছে চীনে। ৭ দশমিক ৯ ইঞ্চি স্ক্রিনের ট্যাবলেট কম্পিউটারটিতে আছে আইপিএস এলইডি-ব্যাকলিট ডিসপ্লে, ৬৪ বিটের ২.৩ গিগাহার্টজ গতির ইন্টেল অ্যাটম জেড৩৫৮০ প্রসেসর, ২ গিগাবাইট রাম, ৫ ও ৮ মেগাপিক্সেলের দুটি ক্যামেরা।

> ঢেক প্রতিদিন ডেস্ক, সূত্র: ইন্টারনেট